

পায়রা বন্দর দিয়ে শীঘ্রই বিসিআইসি'র সার আমদানি শুরু হবে



// পটুয়াখালী জেলা প্রতিনিধি //

পায়রা বন্দরের মাধ্যমে সার আমদানির লক্ষ্যে পায়রা বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান রিয়ার এডমিরাল গোলাম সাদেক এর আমন্ত্রণে বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ (বিসিআইসি) এর একটি উচ্চ পর্যায়ের প্রতিনিধি দল আজ পায়রা বন্দর পরিদর্শন করে পায়রা বন্দরের কর্মকর্তাদের সাথে মতবিনিময় সভা করেন।

বিসিআইসি এর উক্ত প্রতিনিধি দলে বিসিআইসি এর পরিচালক (বানিজ্য) কাজী সাইফুল ইসলাম, যুগ্ম সচিবসহ উচ্চপর্যায়ের ৪ কর্মকর্তা উপস্থিত ছিলেন। সভায় পায়রা বন্দরের পক্ষে উপস্থিত ছিলেন পরিচালক ট্রাফিক, জনাব আতিকুল ইসলাম (উপসচিব), হারবার মাস্টার, ক্যাপ্টেন এস এম শরিফুর রহমান, পায়রা বন্দরের সচিব জনাব সোহরাব হোসেন (উপসচিব), উপপরিচালক ট্রাফিক – আজিজুর রহমান, হারবার পাইলট – সাইফুল ইসলাম ভূইয়া।

এ সময় সভায় কাস্টমস, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, নৌবাণিজ্য বিভাগ, বাংলাদেশ শিপিং এজেন্ট এসোসিয়েশন, বাংলাদেশ সি এন্ড এফ এজেন্ট এসোসিয়েশন, বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার এসোসিয়েশনের প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন।

সভায় বন্দরের পক্ষ থেকে খাদ্য শস্য ও সারসহ সকল প্রকার পন্য আমদানির ক্ষেত্রে পায়রা বন্দরের সুবিধা ও সম্ভাবনাসমূহ তুলে ধরা হয়।

বন্দর পরিদর্শন শেষে বাংলাদেশ ক্যামিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশনের পরিচালক (বাণিজ্য) কাজী সাইফুল ইসলাম সভায় বলেন, এই মুহূর্তে শিপ টু শিপ কার্গো হ্যান্ডলিং এর ক্ষেত্রে পায়রা বন্দর দেশের সবচেয়ে উপযুক্ত বন্দর, কারণ পায়রা বন্দরের ইনার চ্যানেলে ৪০ হাজার থেকে ৪৫ হাজার মে: টন কার্গোবাহী ১০.৫ মি. , ড্রাফটের বড় জাহাজ অনায়াসেই ঢুকতে পারছে। কোন প্রকার জাহাজ জট নেই। প্রশস্ত চ্যানেল। আমদানি -রপ্তানির অন্যান্য সকল সুযোগ সুবিধাও এখানে বিদ্যমান রয়েছে। তাই দ্রুতই বিসিআইসি এর সার পায়রা বন্দরের মাধ্যমে আমদানি করার কার্যক্রম গ্রহণ করা হবে বলে তিনি জানান।

তিনি আশাবাদ ব্যক্ত করে বলেন, আগামী অক্টোবর মাসের মধ্যে বন্দরের নতুন প্রথম টার্মিনাল চালু হলে পায়রা বন্দরকে কেন্দ্র করে গোটা দক্ষিণাঞ্চল কর্মচঞ্চল হয়ে উঠবে।